জাতীয় উৎপাদনশীলতা বার্তা

(এনপিও বার্তা)

○ বর্ষ ঃ ০১ ○ প্রকাশনার সংখ্যা ০১ ○ (জানুয়ারী ২০১৭- জুন ১৭) প্রকাশ - ডিসেম্বর ২০১৭

আমির হোসেন আমু, এম.পি
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর উদ্যোগে জাতীয় উৎপাদনশীলতা বার্তা (**এনপিও বার্তা**) প্রকাশ হচ্ছে জেনে আমি আনন্দিত। এ সৃজনশীল প্রকাশনার সাথে জড়িত সকলের প্রতি আমার শুভেচ্ছা রইল।

আর্থ সামাজিক অগ্রগতির কাঙ্খিত লক্ষ্য অর্জনে দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধির আন্দোলন বেগবান করা জরুরি। কৃষি, শিল্প, সেবাসহ সকলখাতে উৎপাদনশীলতা যত বাড়বে, দেশ তত সমৃদ্ধির পথে এগিয়ে যাবে। এ লক্ষ্যে তৃণমূল পর্যায়ে শিল্প উদ্যোক্তা, ব্যবস্থাপক, উৎপাদক, ভোক্তাসহ সর্বসাধারণের মাঝে উৎপাদনশীলতা বিষয়ক ধারণার প্রসার ঘটাতে হবে। এনপিও'র উদ্যোগে প্রকাশিত তথ্যবহুল বার্তা এ লক্ষ্য অর্জনে সহায়তা করবে বলে আমার বিশ্বাস।

আমি আশা করি (**এনপিও বার্তা**) এর মাধ্যমে জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত হবে। এ প্রকাশনা উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক সর্বশেষ গবেষণার ফলাফল, কৌশল ও তথ্যাবলী সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কাছে ছড়িয়ে দিতে বিশেষভাবে সহায়তা করবে। এর মাধ্যমে দেশের শিল্প, সেবা, কৃষিসহ সকলখাতে যুগপৎ উৎপাদনশীলতা বাড়িয়ে আমরা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘোষিত ২০২১ সালের মধ্যে শিল্পসমৃদ্ধ মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে সক্ষম হবো।

আমি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) প্রকাশিত (**এনপিও বার্তা**) এর বহুল প্রচার কামনা করছি।

আমির হোসেন আমু, এম.পি

মোহাম্মদ আব্দুল্লাহ্
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর উদ্যোগে এনপিও'র সার্বিক কর্মকান্ড জনসাধারণের সম্মুখে তুলে ধরার লক্ষ্যে **জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)**- ২০১৭ প্রকাশিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ প্রকাশনার মাধ্যমে এনপিও সম্পর্কিত তথ্য/উপাত্ত প্রাপ্তি সহজতর হবে বলে আমি আশা করি।

জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)-২০১৭ এর মূল উদ্দেশ্য হচ্ছে দেশের চলমান উন্নয়ন সাফল্যকে জনগণের সামনে তুলে ধরা এবং সরকারের উন্নয়ন কাজের সঙ্গে সম্পৃক্ত করা। সরকারের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনে সরকারের সাফল্য প্রচার এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য **জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)**-২০১৭-বিশেষ ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

সরকারি কাজকর্মে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সরকার প্রতিটি প্রতিষ্ঠানে শুদ্ধাচার বাস্তবায়ন ও তথ্য প্রদান বাধ্যতামূলক করেছে। এছাড়া সেবা প্রদানে স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য সিটিজেন চার্টার প্রণয়ন করেছে। "জাতীয় উৎপাদনশীলতা বার্তা" প্রকাশের মাধ্যমে প্রতিষ্ঠানের সার্বিক কর্মকান্ড সম্পর্কে ধারণা লাভ করা যাবে। স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সরকারি কর্মকর্তাগণের পরস্পরের মধ্যে মত-বিনিময়ের মাধ্যমে স্থানীয় সমস্যা ও সম্ভাবনাসমূহ চিহ্নিতকরণ, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নেও **জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)**-২০১৭ বিশেষ ভূমিকা রাখবে।

আমি **জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা)**-২০১৭ প্রকাশের সাথে সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানাচ্ছি এবং আমি এ উদ্যোগের সার্বিক সফলতা কামনা করছি।

১৯.১০.২০১৭

(মোহাম্মদ আব্দুল্লাহ্)

উৎপাদনশীলতা উন্নয়নে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি দপ্তর। দেশের উৎপাদনশীলতা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার লক্ষ্যে **১৯৮২** সালের ডিসেম্বর মাসে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে "জাতীয় শ্রম উৎপাদনশীলতা পর্যবেক্ষণ ও পরিনিয়ন্ত্রণ কেন্দ্র (এনসিএমএলপি)" নামে একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হয়। পরবর্তীতে প্রকল্পটির নাম পরিবর্তন করে "বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)" রাখা হয়। সর্বশেষে **১৯৮৯** সালে "বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)" প্রকল্পটিকে উন্নয়ন খাত হতে সরকারের নিয়মিত রাজস্ব বাজেটে স্থানান্তরপূর্বক শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় হতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)" নামে শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়। এনপিও বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন খাত, উপ-খাত এবং কুটির শিল্পসহ এসএমই ও শিল্প/সেবা প্রতিষ্ঠান খাতে উৎপাদনশীলতা উন্নয়নে যুগোপযোগী কলাকৌশল সম্পর্কিত প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, পরামর্শ সেবা, কারিগরি সহায়তা প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এনপিও জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি আর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে আন্তর্জাতিক মানের কনসালটেন্সি সেবা প্রদান করে থাকে। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণানুযায়ী, উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করা, প্রতিবছর ০২ অক্টোবরকে "জাতীয় উৎপাদনশীলতা দিবস" পালন করা এবং সর্বোপরি এ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে শিল্প/সেবা প্রতিষ্ঠানে সেরা উদ্যোক্তাদেরকে স্বীকৃতি স্বরূপ প্রতিবছর "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" প্রদান করা হচ্ছে। এনপিও হতে সম্ভাবনাময় শিল্প/সেবা সেক্টরের প্রোডাকটিভিটি উন্নয়নকল্পে টেকসই গবেষণা চালানো ও উপায় উদ্ভাবনীমূলক ইনোভেশন কার্যক্রমেও চর্চা করা হচ্ছে। এনপিও'র রূপকল্প (Vision) হচ্ছে উৎপাদনশীলতার উৎকর্ষ সাধনে বিশ্বমানের প্রতিষ্ঠান। এ অভিলক্ষ্যে (Mission) পৌছানোর জন্য উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কারখানা ও সেবা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা, কারিগরী সহায়তা ও উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দ্রব্য/সেবার উৎপাদন বৃদ্ধি, গুণগত পদ্ধতির উন্নয়ন এবং দক্ষ জনবল তৈরির প্রয়াস চালানো হচ্ছে।

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫ সনদ প্রদান ও ট্রফি বিতরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষণানুযায়ী ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০১২ সাল হতে উৎপাদনশীলতাকে "জাতীয় আন্দোলন" হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রতিবছর শ্রেষ্ঠ শিল্প/সেবা প্রতিষ্ঠান ও সেরা উদ্যোক্তাদেরকে স্বীকৃতি স্বরূপ ০৬টি ক্যাটাগরীতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড' প্রদান করে আসছে। প্রতি বছরের ন্যায় এ বছরও "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫" গত ২৬ অক্টোবর, ২০১৬ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ টায় হোটেল পূর্বাণী, ঢাকায় এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে সনদ প্রদান ও ট্রফি বিতরণ করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৫ প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের হল ক্যাটাগরী-এঃ (বৃহৎ শিল্প) হাইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিঃ ১ম স্থান, কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড ২য় স্থান ও বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড ৩য় স্থান। ক্যাটাগরী-বিঃ (মাঝারী শিল্প) এথিক্স এ্যাডভান্স টেকনোলজী লিমিটেড ১ম স্থান ইরা ইনফোটেক লিঃ, ২য় স্থান অলপ্লাষ্ট বাংলাদেশ লিঃ, ৩য় স্থান। ক্যাটাগরী-সিঃ (ক্ষুদ্র শিল্প) ১ম স্থান ডিভাইন আইটি লিমিটেড, ২য় স্থান প্রিন্স কেমিক্যাল কোম্পানী লিঃ, ও মেসার্স রনি এগ্রো ইঞ্জিনিয়ারিং, ৩য় স্থান ক্যাটাগরী-ডিঃ (মাইক্রো শিল্প) বন্ধন সমাজ উন্নয়ন সংস্থা (বিএসইউএস), ১ম স্থান, তারা মার্কা ২য় স্থান ও উইমেন্স ফ্যাশন ওয়ার্ল্ড, ৩য় স্থান। ক্যাটাগরী-ইঃ (কুটির শিল্প) মেক্সিম ইন্টারন্যাশনাল ট্রেডিং কোং ১ম স্থান, অঙ্গনা বিউটি পার্লার এন্ড স্কীন কেয়ার ২য় স্থান এবং প্রতিবেশী প্রশিক্ষণ কেন্দ্র ও কুটির শিল্প উন্নয়ন সংস্থা ৩য় স্থান। ক্যাটাগরী-এফঃ (রাষ্ট্রায়াত্ব শিল্প) যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড, ১ম স্থান প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড, ২য় স্থান ও আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোম্পানী লিমিটেড ৩য় স্থান।

"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড'-২০১৫ এর সনদপত্র ও ট্রফি বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথি শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আমির হোসেন আমু এমপি, বিশেষ অতিথি জনাব আব্দুল মাতলুব আহমাদ, সভাপতি, এফবিসিসিআই, জনাব কাজী মোঃ আমিনুল ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও সভাপতি শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, জনাব মোঃ মোশাররফ হোসেন ভূইয়া এনডিসি।

উক্ত সনদ প্রদান ও ট্রফি বিতরণ অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এওয়ার্ড প্রদান করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজী মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও জনাব আব্দুল মাতলুব আহমাদ, সভাপতি, এফবিসিসিআই এবং উক্ত সভায় সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, জনাব মো: মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি।

"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড'-২০১৫ এর সনদ প্রদান ও ট্রফি বিতরণ অনুষ্ঠান

জাতীয় উৎপাদনশীলতা দিবস" ২০১৬ এর বর্ণাঢ্য শোভাযাত্রা ও সেমিনার আয়োজন

"জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬" উপলক্ষ্যে স্মরণিকা মোড়ক উন্মোচন করেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি।

জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বিষয়ক কর্মকান্ড বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক বছরের ন্যায় এ বছরও গত ০২ অক্টোবর, ২০১৬ "জাতীয় উৎপাদনশীলতা দিবসে" সরকারি-বেসরকারি কর্মকর্তা/কর্মচারী, ট্রেড ইউনিয়ন, বণিক মালিক সমিতির প্রতিনিধি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয় এবং এফবিসিসিআই এর সম্মেলন কক্ষে একটি সেমিনার ও এনপিও'র সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। "টেকসই প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা অপরিহার্য" (Higher Productivity for Sustainable Growth) শীর্ষক প্রতিপাদ্য বিষয়ের উপর সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ইঞ্জিনিয়ার এ.এন.এম.শহিদুল্লাহ, সিনিয়র ম্যানেজমেন্ট কাউন্সিল, বিআইএম। উক্ত সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, এফবিসিসিআই এর সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমাদ এবং জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫ এর চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম খাঁন। এবারে "জাতীয় উৎপাদনশীলতা দিবসের" প্রতিপাদ্য বিষয়ের উপর বিভিন্ন শ্রেণী/পেশার জনগণের নিকট জাতীয় উৎপাদনশীলতা দিবসের শুভেচ্ছা বার্তা সম্বলিত Robo- call ও এসএমএস প্রেরণ করা হয়েছে। দিবসটির তাৎপর্য তুলে ধরে জাতীয় দৈনিক চারটি পত্রিকা এবং The Daily Observer, দৈনিক সমকাল, দৈনিক কালবেলা ও দৈনিক ইত্তেফাকে রঙিন ক্রোড়পত্র প্রকাশ এবং মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী সম্বলিত একটি স্মরণিকা প্রকাশ করা হয়। এছাড়াও বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড কর্তৃক শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং সিনিয়র সচিব মহোদয়, এফবিসিসিআই এর সভাপতি ও এনপিও'র পরিচালক সমন্বয়ে অনুষ্ঠিত টকশো প্রচার এবং দিবসের প্রথম প্রহরে রাত ১২.০০ টায় বিটিভি ও বিটিভি ওয়ার্ল্ড হতে জাতীয় উৎপাদনশীলতা দিবসের তাৎপর্য সরাসরি সম্প্রচার করা হয়। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র প্রশিক্ষণ কক্ষে জাতীয় উৎপাদনশীলতা দিবসের উপর স্বরচিত কবিতা পাঠসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

জাতীয় উৎপাদনশীলতা দিবস" ২০১৬ এর বর্ণাঢ্য শোভাযাত্রা ও সেমিনার আয়োজন

জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০১৬ উপলক্ষ্যে সেমিনার অনুষ্ঠানের প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, এফবিসিসিআই এর সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমাদ ও জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন -২০১৫ এর চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম খাঁন ।

দেশ ব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০১৬ পালন

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত র‍্যালির একাংশ

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে র‍্যালি

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে বগুড়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর বর্ণাঢ্য র‍্যালি

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে জয়পুরহাট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর বর্ণাঢ্য র‍্যালি

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন, পলাশবাড়ী, গাইবান্ধা এর বর্ণাঢ্য র‍্যালি

দেশ ব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০১৬ পালন

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে উপজেলা প্রশাসন, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর বর্ণাঢ্য র‍্যালি

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, হবিগঞ্জ এর বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা।

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, সিলেট এর বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা ।

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে আমরা দেশের শক্তি (আদেশ) এর বর্ণাঢ্য র‍্যালি ।

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি ।

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা জেলা প্রশাসন, বাগেরহাট।

দেশ ব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০১৬ পালন

"জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬" উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা

সেমিনারে প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন মাননীয় কৃষি মন্ত্রী বেগম মতিয়া চৌধুরী এমপি।

উপজেলা প্রশাসন, আলীকদম, বান্দরবান কর্তৃক আয়োজিত আলোচনা সভা

জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা উপজেলা প্রশাসন, ফুলবাড়ী, দিনাজপুর।

জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত র‍্যালি জেলা প্রশাসন, বাগের হাট।

জাতীয় উৎপাদনশীলতা দিবস- ২০১৬ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা উপজেলা প্রশাসন, পলাশবাড়ী, গাইবান্ধা।

"জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০১৬ উপলক্ষ্যে সারা দেশের ২৭টি জেলা প্রশাসন বিসিক ও বিভিন্ন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ সহ ২৩টি উপজেলা প্রশাসন ও ৩টি বেসরকারী প্রতিষ্ঠানে সেমিনার ও আলোচনা সভা আয়োজন করেন।

এপিও ও এনপিও এর যৌথ উদ্যোগে Material Flow Cost Accounting শীর্ষক আন্তর্জাতিক Workshop অনুষ্ঠিত

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)এর যৌথ উদ্যোগে গত ২৭-৩০ মার্চ ২০১৭ ইং তারিখে FARS Hotel & Resorts, 212, Shahid Syed Nazrul Islam Sharani, Purana Paltan, Dhaka-1000. "Workshop on Material Flow Cost Accounting" শীর্ষক আন্তর্জাতিক Workshop কর্মসূচি উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ও APO এর Country Director for Bangladesh জনাব মোঃ মোশাররফ হোসেন ভূইয়া এনডিসি এবং সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের সুযোগ্য অতিরিক্ত সচিব জনাব সুষেন চন্দ্র দাস। আরও উপস্থিত ছিলেন জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সেক্রেটারিয়েট থেকে আগত Program Officer, Mr. Ta-Te Yang. এ Workshop কর্মসূচি উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত ভাষণ প্রদান করেন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালক (যুগ্ম সচিব) এবং APO এর Country Alternate Director for Bangladesh জনাব এস.এম আশরাফুজ্জামান। উক্ত Workshop এ ০৩জন বিদেশী স্বনামধন্য রিসোর্স স্পীকারসহ দক্ষিন এশিয়ার ১৭টি যথা: (১) বাংলাদেশ, (২) রিপাবলিক অব চায়না, (৩) ফিজি, (৪) ইরান (৫) ভারত, (৬) ইন্দোনেশিয়া, (৭) মালয়েশিয়া, (৮) জাপান, (৯) জার্মানী, (১০) মঙ্গোলিয়া, (১১) নেপাল, (১২) পাকিস্তান, (১৩) ফিলিপাইন, (১৪) রিপাবলিক অব কোরিয়া, (১৫) শ্রীলংকা, (১৬) থাইল্যান্ড ও (১৭) ভিয়েতনাম হতে মোট ২৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এপিও সেক্রেটারী জেনারেল সদস্য দেশে এপিও'র বিভিন্ন কর্মসূচি কথা তুলে ধরেন এবং এপিও সদস্যদেশের উৎপাদনশীলতা উন্নয়নে বিশেষ ভূমিকার উপর গুরুত্ব আরোপ করেন ।

তিনি আলোচ্য কর্মসূচি উদ্দ্যেশ সম্পর্কে আলোকপাত করেন- " (i) To familiarize participants with the methodologies of Material Flow Cost Accounting (MFCA), the concept of the circular economy, and good practices of MFCA implementation; (ii) To provide a platform for company executives, environmental management professionals, and MFCA practitioners to exchange experiences and knowledge on waste management and the application of MFCA; and (iii) To raise awareness of Green Productivity, the circular economy, and sustainable development".

প্রধান অতিথির বক্তব্যে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় ও এপিও কান্ট্রি ডাইরেক্টর জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি ৪(চার) দিন ব্যাপী বাংলাদেশে এনপিও এবং এপিও "Workshop on Material Flow Cost Accounting" শীর্ষক কর্মসূচি টি বাস্তবায়ন করায় এবং তিনি এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হতে পেরে গর্বিত বোধ করেন। তিনি বলেন যে, "Material Flow Cost Accounting (MFCA) as one of the Environmental Management Accounting (EMA) tools aimed to reduce both environmental impact and cost simultaneously. In addition, MFCA is also a tool used in organizations decision-making which is aimed at improving their business productivity by reducing costs through waste reduction. MFCA measures the flow of raw materials in both physical and monetary units. Cost categories are material cost, energy cost, system cost, and waste management cost. Reduced material input and material cost is directly is a direct result of reduced waste generation. This eventually leads to improved efficiency in processing and waste treatment cost. Hence, two key activities of environmental management are reduction of waste generation and resource consumption in order to lower environmental impact of the manufacturing process. MFCA identifies the source of waste generation as well the quantities and costs of waste generated from a process".

সিনিয়র সচিব মহোদয় আরও বলেন যে, আমি খুবই আনন্দিত যে, MFCA এর তিনজন আন্তর্জাতিক বিশেষজ্ঞ এ কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে কাজ করছেন । আমি আশা করি তারা কর্মশালার নির্দিষ্ট দায়িত্বগুলি সনাক্ত করতে এবং MFCA রীতির উৎপাদনশীলতার ধারণাগুলোর কার্যকারিতা ও পদ্ধতিগুলো প্রণয়ন করতে সক্ষম হবেন। পরিশেষে সিনিয়র সচিব মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

Material Flow Cost Accounting শীর্ষক আন্তর্জাতিক Workshop: উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন প্রধান অতিথি জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় এবং স্বাগত বক্তব্য প্রদান করেন এনপিও'র পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান।

এপিও ও এনপিও এর যৌথ উদ্যোগে Roles of Producers "Association and Farmers" Cooperatives শীর্ষক আন্তর্জাতিক Workshop অনুষ্ঠিত

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর যৌথ উদ্যোগে গত ২৩-২৭ এপ্রিল ২০১৭ ইং তারিখে FARS Hotel & Resorts, 212, Shahid Syed Nazrul Islam Sharani, Purana Paltan, Dhaka-1000. Emerging Roles of Producers Association and Farmers Cooperatives শীর্ষক আন্তর্জাতিক Workshop কর্মসূচি উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় । উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ও APO এর Country Director for Bangladesh জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি এবং সভাপতিত্ব করছেন শিল্প মন্ত্রণালয়ের সুযোগ্য অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস। শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া কৃষিখাতে উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি কৃষিভিত্তিক ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাত বিকাশের প্রতি বাংলাদেশ বিশেষ গুরুত্ব দিচ্ছে বলে জানান। তিনি বলেন, মোট জিডিপির শতকরা ১৫ শতাংশ এবং মোট শ্রমশক্তির ৪৫ ভাগ কৃষিখাতের সাথে সম্পৃক্ত। সিনিয়র শিল্প সচিব বলেন, বাংলাদেশসহ এশিয়ার দেশগুলোতে কৃষিপণ্য বিপণন এবং লাগসই প্রযুক্তির প্রসার একটি বড় চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। এ চ্যালেঞ্জ মোকাবেলায় তিনি কৃষি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ও কৃষক সমবায় সমিতির সক্ষমতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। আন্তর্জাতিক উৎপাদনশীলতা ও বিপণন বিশেষজ্ঞের তত্ত্বাবধানে পরিচালিত এ কর্মশালার অভিজ্ঞতা এশিয়া ও প্রশান্ত-মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর কৃষিখাতের উৎপাদনশীলতা বাড়াতে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সক্ষমতা জোরদারের আশাবাদ ব্যক্ত করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে এনপিও'র পরিচালক ও যুগ্ম-সচিব জনাব এস.এম. আশরাফুজ্জামান, এপিও'র প্রতিনিধি জিসু ইয়ান বক্তব্য রাখেন । ০৫(পাঁচ) দিনব্যাপী এ আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালায় বাংলাদেশ, কম্বোডিয়া, ফিজি, ভারত, ইন্দোনেশিয়া, মালয়েশিয়াসহ অন্যান্য দেশের মোট ২৩ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর যৌথ উদ্যোগে Workshop on Successful Models of Integrated Farming বিষয়ক আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠিতঃ

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়, ঢাকা এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর যৌথ উদ্যোগে ৫ (পাঁচ) দিন ব্যাপী Workshop on Successful Models of Integrated Farming শীর্ষক আন্তর্জাতিক কর্মসূচি গত ০৭-১১ মে, ২০১৭ ফারস হোটেল এন্ড রিসোর্টস, ২১২, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এ অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত কর্মসূচিতে (১) রিপাবলিক অব চায়না, (২) কম্বোডিয়া, (৩) ফিজি, (৪) ভারত, (৫) ইন্দোনেশিয়া, (৬) ইরান, (৭) নেপাল, (৮) পাকিস্তান, (৯) ফিলিপাইন, (১০) শ্রীলংকা, (১১) থাইল্যান্ড, (১২) ভিয়েতনাম ও (১৩) বাংলাদেশসহ মোট ২৫ জন প্রশিক্ষণার্থী, ৬ জন রিসোর্স পারসন ও ১ জন এপিও প্রতিনিধি অংশগ্রহণ করেন। উক্ত কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মসূচির শুভ উদ্বোধন করেন এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ দাবিরুল ইসলাম। এপিও'র কৃষি বিভাগের প্রোগ্রাম অফিসাব Dr. Shaikh Tanveer Hossain এপিও সেক্রেটারী জেনারেলের পক্ষে বক্তব্য পাঠ করেন। এনপিও পরিচালক (যুগ্ম-সচিব) জনাব এস.এম. আশরাফুজ্জামান স্বাগত বক্তব্য দেন।

Workshop on Successful Models of Integrated Farming শীর্ষক আন্তর্জাতিক কর্মসূচির এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সুষেণ চন্দ্র দাস, অতিরিক্ত সচিব, উক্ত কর্মসূচিতে সভাপতিত্ব করেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ দাবিরুল ইসলাম এবং স্বাগত বক্তব্য প্রদান করেন এনপিও'র পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান।

উৎপাদনশীলতা উন্নয়নের বিষয়ে এফবিসিসিআই এর সভাপতির সাথে এনপিও'র মত বিনিময় সভা

ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)এর সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমাদ এর সাথে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর "উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক" আলোচনা সভা গত ১৩ জুলাই ২০১৬ শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় "জাতীয় উৎপাদনশীলতা দিবস" ০২ অক্টোবর, ২০১৬ দেশ ব্যাপী যথাযথভাবে উদযাপন সহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। আলোচনা সভায় আগত প্রধান অতিথি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্টি (এফবিসিসিআই), এর সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমাদ, বিশেষ অতিথি শিল্প মন্ত্রণালয়ের অতিঃসচিব জনাব সুষেণ চন্দ্র দাস, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন এবং এপিও সোসাইটি ফর বাংলাদেশ এর সভাপতি জনাব জায়েদ ইয়াহিয়া সহ সকল অতিথিবৃন্দকে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালক (যুগ্মসচিব), জনাব অজিত কুমার পাল এফসিএ তাঁর স্বাগত বক্তব্যে শুভেচ্ছা ও অভিনন্দন জানান । প্রধান অতিথি তাঁর স্বাগত বক্তব্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং এফবিসিসিআই এর যৌথ উদ্যোগে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা ও সমঝোতা স্মারকসহ বিভিন্ন কর্মকান্ড সম্পাদনের উপর গুরুত্ব আরোপ করেন।

প্রধান অতিথি জনাব আব্দুল মাতলুব আহমাদ, সভাপতি, এফবিসিসিআই, বিশেষ অতিথি শিল্প মন্ত্রণালয়ের অতিঃসচিব জনাব সুষেণ চন্দ্র দাস এবং এনপিও'র পরিচালক (যুগ্ম-সচিব) জনাব অজিত কুমার পাল এফসিএ।

শিল্প মন্ত্রণালয়ের সাথে এনপিও'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

শিল্প মন্ত্রণালয়ের সাথে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি এবং এনপিও'র পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান কর্তৃক গত ২০/০৬/২০১৭ ইং তারিখে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদিত হয় । উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে শিল্প মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ।

উৎপাদনশীলতা উন্নয়নের সহযোগিতার লক্ষ্যে এনপিও এবং নাসিব এর মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ)স্বাক্ষর

জাতীয় পর্যায়ে ক্ষুদ্রও কুটিরশিল্প খাতে উৎপাদনশীলতা জোরদারের লক্ষ্যে অংশীদারিত্বে কাজ করতে সম্মত হয়ে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) গত ২৫/০৪/২০১৭ তারিখে একটি সমঝোতা স্মারক(এমওইউ) স্বাক্ষর করে । সমঝোতা স্মারক অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসির উপস্থিত ছিলেন । সমঝোতা স্মারকে এনপিও'র পক্ষে প্রতিষ্ঠানের পরিচালক জনাব এস.এম. আশরাফুজ্জামান এবং নাসিবের পক্ষে সংগঠনের সভাপতি জনাব মির্জা নুরুল গনী শোভন স্বাক্ষর করেন । উক্ত অনুষ্ঠানে শিল্প মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা এবং নাসিব কেন্দ্রীয় কমিটির নেতারা উপস্থিত ছিলেন ।

সমঝোতা স্মারক (এমওইউ) অনুযায়ী, দেশব্যাপী ক্ষুদ্র ও কুটিরশিল্প খাতে উৎপাদনশীলতা বাড়াতে উভয় প্রতিষ্ঠান পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করবে । এনপিও এবং নাসিবের যৌথ উদ্যোগে প্রতি বছর কমপক্ষে ০৪(চার) টি বিভাগীয় শহরে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হবে । এসব কর্মশালায় এনপিও প্রয়োজনীয় রিসোর্স পারসন প্রেরণ ও কারিগরি সহায়তা দেবে ।

এনপিও'র কারিগরি সহায়তায় কেন্দ্রীয়ভাবে নাসিব প্রতি বছর ০২(দুই) টি সেমিনার বা কর্মশালা আয়োজন করবে । পাশাপাশি উভয় প্রতিষ্ঠান প্রতি বছর যৌথভাবে ০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপন করবে । এনপিও প্রতি বছর 'ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড' প্রদানের জন্য বিজ্ঞপ্তি যথাসময়ে নাসিব কার্যালয়ে প্রেরণ করবে। সে অনুযায়ী নাসিব সদস্য প্রতিষ্ঠানগুলোকে অবহিত এবং আবেদনে উদ্বুদ্ধ করবে । অনুষ্ঠানে সিনিয়র শিল্প সচিব এ ধরনের উদ্যোগকে অত্যন্ত ইতিবাচক বলে উল্লেখ করেন । তিনি বলেন, এর মাধ্যমে সরকারী-বেসরকারি অংশীদারিত্বে দেশে উৎপাদনশীলতা বৃদ্ধির প্রয়াস জোরদার হবে । রুপকল্প-২০২১ অর্জনের জন্য শিল্প মন্ত্রণালয় বেসরকারি উদ্যোক্তাদের সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করতে আগ্রহী বলে তিনি উল্লেখ করেন । তিনি পারস্পরিক সহায়তার ভিত্তিতে শিল্প, সেবা, কৃষিসহ সব খাতে উৎপাদনশীলতা বাড়িয়ে অর্থনৈতিক সমৃদ্ধির কাঙ্খিত লক্ষ্য অর্জনে কাম্য অবদান রাখার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহবান জানান ।

এনপিও এবং নাসিবের মধ্যে ক্ষুদ্র ও কুটির শিল্প খাতে সমঝোতা স্মারক (এমওইউ)স্বাক্ষর অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন প্রধান অতিথি জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব জনাব সুষেণ চন্দ্র দাস শিল্প মন্ত্রণালয় , অতিরিক্ত সচিব জনাব মোঃ দাবিরুল ইসলাম, শিল্প মন্ত্রণালয়, এনপিও'র পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান এবং নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গনী শোভন।

জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)'র ১১তম সভা অনুষ্ঠিত

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জাতীয় উৎপাদনশীলতা কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে গত ২৬ ফেব্রুয়ারী, ২০১৭ খ্রিঃ রবিবার বেলা ১১.৩০ মিনিটে শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৩০৬ ,৩য় তলা, ৯১ মতিঝিল বা/এ, ঢাকা) জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)'র ১১তম সভা অনুষ্ঠিত হয়। মাননীয় শিল্প মন্ত্রীর অনুপস্থিতিতে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি, বিভিন্ন ট্রেড বডির প্রতিনিধি এবং বিভিন্ন এসোসিয়েশনের প্রতিনিধি অংশগ্রহণ করেন। এনপিও'র পরিচালক জনাব এস.এম. আশরাফুজ্জামান এর সঞ্চালনায় গত ১০ম সভার গৃহীত সিদ্ধান্তসমূহে বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ১৯৮৯ সাল থেকে এ পযন্ত জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও)'র সহায়তায় আধুনিক টুলস্ এন্ড টেকনিক্স এর মাধ্যমে বিভিন্ন শিল্প/সেবা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা বৃদ্ধিতে অবদান রেখে আসছে। সারা দেশ ব্যাপী এ কার্যক্রমকে আরও জোরদার করার লক্ষ্যে এনপিও'র কলেবর বৃদ্ধি ও যুগোপযোগীকরণের জন্য এ দপ্তরকে ৩টি আঞ্চলিক অফিসসহ অধিদপ্তরে রূপান্তর করার উপর উপস্থিত সকলে একমত পোষণ করেন।

জাতীয় উৎপাদনশীলতা পরিষদের ১১তম সভা

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ উপলক্ষ্যে গোলটেবিল বৈঠক

জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬ পালন উপলক্ষ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর যৌথ উদ্যোগে গত ২০ সেপ্টেম্বর ২০১৬ইং, ৫ আশ্বিন ১৪২৩ মঙ্গলবার সকাল ১০.০০টায় হোটেল ৭১,পার্লামেন্ট হাউজে ''টেকসই প্রবৃদ্ধির জন্য উৎপাদনশীলতা অপরিহার্য'' শীর্ষক এক গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত গোলটেবিল বৈঠকে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম খাঁন, চেয়ারম্যান, জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫ জনাব মিকাইল শিপার, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় জনাব মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন এবং জনাব এ বি এম খোরশেদ আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব), এনএসডিসি সচিবালয় এবং সভায় সভাপতিত্ব করেন এনপিও'র পরিচালক (যুগ্ম-সচিব) জনাব অজিত কুমার পাল এফসিএ ।

প্রধান অতিথি শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, বিশেষ অতিথি জনাব মোঃ নজরুল ইসলাম খাঁন, চেয়ারম্যান, জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫, জনাব মিকাইল শিপার, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, জনাব মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন ও জনাব এ বি এম খোরশেদ আলম, প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব), এনএসডিসি সচিবালয়, নাসিবের সভাপতি জনাব মির্জা নুরুল গনী শোভন এবং এনপিও'র পরিচালক (যুগ্ম-সচিব) জনাব অজিত কুমার পাল এফসিএ।

এপিও সোসাইটি ফর বাংলাদেশ এর প্রতিনিধিদের সাথে সিনিয়র শিল্প সচিবের মত বিনিময় সভা:

গত ০২অক্টোবর "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৬" উদযাপন উপলক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের সাথে এপিও সোসাইটি ফর বাংলাদেশ এর প্রতিনিধির মধ্যে মত বিনিময় সভার আয়োজন করা হয়েছিল। উক্ত মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি , ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালক (যুগ্ম সচিব), জনাব অজিত কুমার পাল এফসিএ, এনপিও'র যুগ্ম-পরিচালক জনাব মোঃ আব্দুল মুসাব্বির ও নাসিব এর সভাপতি জনাব মির্জা নুরুল গণি শোভন। মত বিনিময় সভায় এপিও সোসাইটি ফর বাংলাদেশ এর সভাপতি জনাব জায়েদ ইয়াহিয়া আগত সকল অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

প্রধান অতিথি শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি, এপিও সোসাইটি ফর বাংলাদেশ এর সভাপতি জনাব জায়েদ ইয়াহিয়া এবং এনপিও'র পরিচালক (যুগ্ম-সচিব) জনাব অজিত কুমার পাল এফসি।

এনপিও এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, (বিডব্লিউসিসিআই) এর মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ)স্বাক্ষরের উপর প্রাথমিক মতবিনিময় সভা:

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর যুগ্ম পরিচালক জনাব মোঃ আব্দুল মুসাব্বির এবং বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, (বিডব্লিউসিসিআই) এর সভাপতি মিসেস সেলিনা আহমাদ এর মধ্যে গত ২২-০৬-২০১৭ ইং তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর উপলক্ষ্যে প্রাথমিক মতবিনিময় সভা বিডব্লিউসিসিআই এসোসিয়েশন এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রাথমিক মতবিনিময় সভায় বিডব্লিউসিসিআই পরিচালনা পরিষদের সদস্যগণ উপস্থিত ছিলেন ।

এনপিও এবং বাংলাদেশ উইমেন্স চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরের উপর প্রাথমিক মত বিনিময় সভা

"Effective Policy of Enhanced National Productivity of Agro Processed Products" শীর্ষক সেমিনার অনুষ্ঠান

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও বাংলাদেশ এগ্রো প্রসেসরস এসোসিয়েশন (বাপা) এর ৫ যৌথ উদ্যোগে "Effective Policy of Enhanced National Productivity of Agro Processed Products" শীর্ষক সেমিনার সেলিম সেন্টার, ১৯/২ পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ এ অনুষ্ঠিত হয় । উক্ত সেমিনারে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । উক্ত সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় শিল্প/সেবা প্রতিষ্ঠানে কম খরচে পণ্যের গুণগত মান বৃদ্ধির উপর গুরুত্বারোপসহ এনপিও'র সার্বিক কর্মকান্ড তুলে ধরেন ।

উক্ত সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ মোস্তফা কামাল, নির্বাহী সদস্য, বাপা বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপিকা সালমা আকতার। অধ্যাপিকা সালমা আকতার তার বক্তব্যে পণ্যের বহুমুখী (Diversification) করণের উপর প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত "Effective Policy of Enhanced National Productivity of Agro Processed Products" শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ন্যাশনাল কলসালটেন্ট ভ্যালু চেইন বিশেষজ্ঞ ড. সালেহ আহমেদ ।

এনপিও এর উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম "On Job Training(OJT) KAIZEN" বিষয়ে পেপার উপস্থাপন করেন । সর্বশেষে বাংলাদেশ এগ্রো প্রসেসরস এসোসিয়েশন (বাপা) চেয়ারম্যান জনাব আ ফ মোঃ ফখরুল ইসলাম মুন্সি সেমিনারে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সেমিনারের কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন ।

"Effective Policy of Enhanced National Productivity of Agro Processed Products"
শীর্ষক সেমিনার অনুষ্ঠান

মানব সম্পদ উন্নয়নে এনপিও'র প্রশিক্ষণ

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে সরকারি/বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে নিয়মিতভাবে "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল, Increasing Productivity at Work, কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন, প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান উন্নয়ন, পণ্যের গুণগতমান নিশ্চিতকরণের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন, শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারন এবং কোয়ালিটি ব্যবস্থাপনা, কারখানা পর্যায়ে প্রতিযোগিতামূলক উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান উন্নয়ন" শীর্ষক শিরোনামে দক্ষ মানব সম্পদ গঠনে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে । দেশের বিভিন্ন শিল্প/সেবা প্রতিষ্ঠানে গত ২০১৬-১৭ অর্থ বছরে ৫৩টি প্রশিক্ষণ পরিচালনা করার মাধ্যমে ২২০৫ জন প্রশিক্ষণার্থীদেরকে উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ প্রদান করা হয় ।



চিত্র : সেক্টর ভিত্তিক ২০১৬-১৭ অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণের লেখচিত্র প্রতিবেদন ।

সেক্টর ভিত্তিক ২০১৬-১৭ অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণের চিত্র

জনতা জুট মিলস্ লিঃ, ঘোড়াশাল

আন্তর্জাতিক মানবাধিকার সংস্থা আইন সহায়তা কেন্দ্র (আশক) ফাউন্ডেশন

লতিফ বাওয়ানী জুট মিলস, ডেমরা অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচিতে সনদপত্র বিতরণের একাংশ

"কারখানা পর্যায়ে প্রতিযোগীতামূলক উৎপাদনশীলতা ও পণ্যের গুণগত মান উন্নয়ন" বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি শাহ্ জালাল ফার্টিলাইজার কোম্পানী লিঃ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সেক্টর ভিত্তিক ২০১৬-১৭ অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণের চিত্র

ষ্টার জুট মিলস্ লিঃ, খুলনা

ব্যবহারিক জাপানী ফাইভ এস (5s) এর উপর আলোচনা সভা

শিল্প সহায়তা কেন্দ্র, বিসিক, বগুড়া

রপ্তানী প্রক্রিয়াজাতকরণ এলাকা, ঢাকা

ন্যাশনাল টিউবস লিঃ, টংগী শিল্প এলাকা, গাজীপুর

হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় , দিনাজপুর

জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড (জিইএমকো) 5s শীর্ষক কর্মসূচি

জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড (জিইএমকো) দেশের বাণিজ্যিক রাজধানী ও বন্দর নগরীর চট্টগ্রামের সমুদ্র বন্দর নিকটবর্তী অত্যন্ত মনোরম স্থান পতেঙ্গায় অবস্থিত । জিইএমকো দেশের গুরুত্বপুর্ণ অত্যাবশকীয় বৈদ্যুতিক সরঞ্জাম তথা বিতরণ ট্রান্সফরমার, লাইটেনিং এরেস্টার, ড্রপআউট, ফিউজ ইত্যাদি স্বয়ং সম্পূর্ণভাবে উৎপাদনকারী দেশের প্রথম এবং একমাত্র রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান । ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক গত ২৯-৩১ জানুয়ারী, ২০১৭ তারিখে " কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়নের জন্য ব্যবহারিক জাপানী পদ্ধতি 5s শীর্ষক কর্মসূচির ১ম ধাপ পরিচালনা করা হয় । জিইএমকো তে ব্যবহারিক জাপানী পদ্ধতি 5s এর সঠিক ব্যবহার সঠিকভাবে বাস্তবায়নের জন্য ৩২ সদস্য বিশিষ্ট 5s টিম গঠণ করা হয় ।

জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোঃ লিঃএ ব্যবহারিক জাপানি পদ্ধতি 5s শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য গঠিত 5s কমিটি

পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস.এম. আশরাফুজ্জামান এর যোগদান

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর যোগদানকারী পরিচালক জনাব এস.এম. আশরাফুজ্জামান বিদায়ি পরিচালক জনাব অজিত কুমার পাল এফসিএ (অতিরিক্ত সচিব) মহোদয়কে ফুলের তোড়া ও ক্রেষ্ট প্রদানের একটি মুহূর্ত ।

এপিও'র গভার্নিং বডির ৫৯ তম সভা:

এপিও এর গভার্নিং বডির ৫৯ তম অধিবেশন গত ১০-১২ এপ্রিল, ২০১৭ তেহরান, রিপাবলিক অব ইরানে অনুষ্ঠিত হয় এপিও এর সদস্যভূক্ত দেশ সমূহের কান্ট্রি ডাইরেক্টরগণ অধিবেশনে অংশগ্রহন করেন । এ সভায় অন্যান্য আলোচ্য সূচীর মধ্যে ২০১৭/২০১৮ বছরের জন্য এপিও'র চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নির্বাচন করা হয় । উক্ত অধিবেশনে APO Director for সিংগাপুর এর Chew Mok Lee was elected as Chair, APO Director for Sri Lanka Javigodage Jayadewa Rathnasiri as First Vice Chair and APO Director for Thailand Dr. Somchai Harnhirun as Second Vice Chair পদে নির্বাচিত হয়।

Philippines hosts workshop on Public-sector Leadership 2017/05/16

The Development Academy of the Philippines is hosting a Workshop on Public-sector Leadership in Manila, 15-19 May 2017. The workshop is part of a series of interventions by the Asian Productivity Organization (APO) to promote higher performance in the public sector in member countries through enhanced leadership প্রোগ্রামে এনপিও'র পরিচালক(যুগ্ম-সচিব) জনাব এস.এম. আশরাফুজ্জামান অংশগ্রহন করেন ।

উৎপাদনশীলতা উন্নয়নে এপিও'র ব্রাক বিশ্ববিদ্যালয়ে ই-লার্নিং কোর্স

এপিও এবং বিশ্ব ব্যাংকের সহায়তায় গ্লোবাল ডেভেলপমেন্ট লার্নিং নেটওয়ার্কের আওতায় বাংলাদেশ Global Distance Learning Centre, ব্রাক বিশ্ববিদ্যালয়ে জুলাই-ডিসেম্বর, ২০১৭ এ (১) e-Learning course on Value Addition to Agrifood Products. (29 August -1September 2016), (2) e-Learning Course on Total Productive Maintenance (TPM) Applications in SMEs (21-24 November 2016) Ges (3) e-Learning Course on Innovative Approaches in Marketing of Agrifood Products (5-8 December 2016) ০৩(তিন) টি ই-লার্নিং কোর্স বাস্তবায়ন করা হয়েছে। উক্ত ই-লার্নিং কোর্সসমূহে বিভিন্ন মন্ত্রণালয়, বিভিন্ন বোর্ড, পরিদপ্তর, কর্পোরেশন, স্বায়ত্তশাসিত সংস্থা ও বিভিন্ন ট্রেড বডিসহ বেসরকারি প্রতিষ্ঠান পর্যায়ে কর্মরত ৭৩ জন কর্মকর্তা প্রতিনিধি অংশগ্রহন করেন ।

ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী গত ২৯-১০-২০১৬ তারিখ সকাল ৯.৩০ থেকে বিকাল ৪.৪৫ পযন্ত এনপিও'র প্রশিক্ষণ কক্ষে কর্মকর্তা/ কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি কল্পে ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। উক্ত ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করেন এনপিও'র পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান। এনপিও'র সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহন করেন । চিনি ও খাদ্য শিল্পে নিম্ন উৎপাদনশীলতার অন্তরায় বিষয়ক ধারণা সম্পর্কে কনসেপ্ট পেপারের উপর বক্তব্য উপস্থাপন করেন গবেষণা কর্মকর্তা জনাব মোঃ রাজু আহম্মেদ এবং গবেষণা কর্মকর্তা (সি.সি.) জনাব মো: মনিরুউজ্জামান ISO-9001 এর উপর বক্তব্য উপস্থাপন করেন । এছাড়াও এনপিও'র ০৩ জন গবেষণা কর্মকর্তা (জনাব রিপন সাহা, মিস সুরাইয়া সাবরিনা ও জনাব মোঃ মেহেদী হাসান) উৎপাদনশীলতার মূল ধারণা (Basic Concept of Productivity) এর উপর বক্তব্য উপস্থাপন করেন ।

এনপিও পরিচালক (যুগ্ম সচিব) জনাব এস. এম. আশরাফুজ্জামান, ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচি উদ্বোধন করেন

KAIZEN কর্মসূচি

